JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/18/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো মোটরচালকদেরকে সড়কে জরুরি সেবা প্রদানকারী কিংবা ঝুঁকিপূর্ণ যানবাহনের পাশ দিয়ে চলার সময় নিউ ইয়র্কের "মুভ ওভার (MOVE OVER)" আইন মেনে চলার কথা মনে করিয়ে দিলেন

শনিবারে জাতীয় "মুভ এভার ডে (Move Over Day)" চালকদেরকে মহাসড়কের কর্মী এবং জরুরি সেবা প্রদানকারীদের নিরাপদে কাজ করার জন্য ধীরে চলতে এবং জায়গা দেয়ার আহ্বান জানায়

নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police) 2018 সালে 13,059টি মুভ ওভার আইন লঙ্ঘনের ঘটনা নথিভুক্ত করেছে

জাতীয় মুভ ওভার দিবসকে সামনে রেখে, আজ গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো নিউ ইয়র্কের মুভ ওভার আইনের গুরুত্ব তুলে ধরেন, যে আইনে স্টেট জুড়ে সড়কগুলোতে থেমে থাকা জরুরি সেবা প্রদানকারী কিংবা ঝুঁকিপূর্ণ যানবাহনগুলোর দিকে যাবার সময় মোটরচালকদেরকে যত্নের সাথে, ধীর গতিতে এবং নিরাপদে সরে যেতে বলে। অনুস্মারকটি জাতীয় মুভ ওভার দিবসের প্রাক্কালে আসলো, যেটি প্রতি বছর অক্টোবরের তৃতীয় শনিবার অনুষ্ঠিত হয়।

"পুলিশ, মহাসড়ক কর্মী, টো ট্রাক চালক এবং জরুরী সেবা প্রদানকারীরা নিউ ইয়র্ক জুড়ে আমরা যাতে নির্বিঘ্নে গাড়ি চালাতে পারি সেজন্য প্রতিদিন তাদের জীবনের ঝুঁকি নেয়", **গভর্নর কুওমো বলেন।** "সকলের দোহাই, আমি মোটরচালকদের অনুরোধ করছি মুভ ওভার আইনের দিকে মনোযোগ দিতে এবং সাধারণ জ্ঞান ব্যবহার করতে। মহাসড়কে জরুরি সেবা প্রদানকারী কিংবা ঝুঁকিপূর্ণ যানবাহন দেখলে, গতি কমিয়ে আনুন এবং একটি লেন সরে যেয়ে সেই সকল সাহসী নারী ও পুরুষদেরকে কাজ করতে দেয়ার সৌজন্য প্রদর্শন করুন।"

নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ে কর্তৃপক্ষ (New York State Thruway Authority), নিউ ইয়র্ক স্টেটের পরিবহণ দপ্তর (New York State Department of Transportation, NYS DOT), নিউ ইয়র্ক স্টেটের পুলিশ (New York State Police) এবং গভর্নরের যানবাহন নিরাপত্তা কমিটি (Governor's Traffic Safety Committee)-র কর্মকর্তারা আজ হারকাইমার কাউন্টির (Herkimer County) থ্রুওয়ের হারকাইমার রক্ষণাবেক্ষণ সেকশন (Herkimer Maintenance Section) -এ চালকদের আইন মেনে চলার আহ্বান জানিয়ে একটি সচেতনতামূলক অনুষ্ঠানের আয়োজন করেন। আগামীকাল-জাতীয় মুভ ওভার দিবসে-ইলেকট্রনিক ভ্যারিয়েবল মেসেজ-এর মাধ্যমে রাজ্য মহাসড়কের পাশে মুভ ওভার আইন সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে অনুস্মারক প্রদর্শন করবে।

নিউ ইয়র্কের মুভ ওভার আইনটি 2011 সালে সড়কের পাশে কাজ করা নিউ ইয়র্কবাসীর সুরক্ষার উদ্দেশ্যে প্রণয়ন করা হয় এবং এরপর থেকে বহু ধরনের জরুরি সেবা প্রদানকারী এবং ঝুঁকিপূর্ণ যানবাহনকে অন্তর্ভুক্ত করতে এটিকে সম্প্রসারিত করা হয়েছে। মুভ ওভার আইন রাস্তার উভয় দিকে প্রযোজ্য - কেবল ডান পাশের শক্ত উপরিভাগই (Shoulder) নয় - এবং এতে টো ট্রাক, নির্মাণ যানবাহন, মহাসড়ক রক্ষণাবেক্ষণ যানবাহন, পুলিশ যানবাহন, দমকলের ট্রাক এবং অ্যাম্বুলেন্স অন্তর্ভুক্ত রয়েছে। আইনটি এখন নীল, সবুজ, লাল, সাদা বা হলুদ আলোর ঝলকানি দেয়া যানবাহনের ক্ষেত্রেও প্রযোজ্য, যা আইন প্রয়োগকারী বাহিনীকে মহাসড়কের পাশে কাজ করে এমন সবার নিরাপত্তা বিপন্নকারীদের দন্ডিত করতে আরো বেশি কর্তৃত্ব প্রদান করে।

নিউ ইয়র্ক স্টেট পুলিশ 2018 সালে 13,059টি মুভ ওভার আইন লঙ্ঘনের ঘটনা নথিভূক্ত করেছে। লঙ্ঘনকারীরা তাদের ড্রাইভার লাইসেন্সের উপর দুই পয়েন্ট এবং প্রথম অপরাধের জন্য সর্বনিম্ন 150 মার্কিন ডলারের জরিমানার সম্মুখীন হতে পারে।

জাতীয় মুভ ওভার দিবস (National Move Over Day) ছাড়াও, থ্রুওয়ে কর্তৃপক্ষ সম্প্রতি থ্রুওয়ে রক্ষণাবেক্ষণ কর্মী রন ডেমিংয়ের বিধবা স্ত্রী স্যালি ডেমিংকে সাথে নিয়ে কর্মস্থলের নিরাপত্তা বিষয়ক একটি জননিরাপত্তা ঘোষণা (Public Safety Announcement, PSA) প্রকাশ করেছে। 2016 সালের অক্টোবরে নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ে-তে কাজ করার সময় লিটল ফলস (Little Falls)-এর ডেরিং দুঃখজনকভাবে মৃত্যুবরণ করে। স্টেট জুড়ে টিভি স্টেশনগুলোতে এবং সোশ্যাল মিডিয়ায় প্রচারিত জননিরাপত্তা ঘোষণা-তে কর্মস্থলে সাম্প্রতিক দূর্ঘটনায় জড়িত থ্রুওয়ে কর্তৃপক্ষের রক্ষণাবেক্ষণ কর্মচারীদেরও উপস্থাপন করা হয়েছে।

এছাড়াও স্টেটের পরিবহণ দপ্তর (State Department of Transportation) গত গ্রীষ্মে বিক্ষিপ্তচিত্তে গাড়ি চালনা থেকে বিরত থাকতে বলার পাশপাশি, নির্মাণ কাজের স্থানে সড়ে গিয়ে গাড়ি চালানোর গুরুত্ব তুলে ধরে একটি জননিরাপত্তা ঘোষণা করেছিল। এই PSA-টি পূর্ববর্তী দুটির পরিপূরক, যার মধ্যে রয়েছে, নিউ ইয়র্কের জরুরি সেবা প্রদানকারীদের দ্বারা সম্মুখীন হওয়া বিপদ সম্পর্কে তুলে ধরে 2017 সালে থ্রুওয়ে কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত একটি PSA এবং নিউ ইয়র্কের মহাসড়কে ভ্রমণরত জনগনকে গতি কমিয়ে আনতে ও সরে যেতে উৎসাহিত করে গভর্নরের যানবাহন নিরাপত্তা কমিটির প্রকাশিত আরেকটি PSA।

13 মার্চ 2019 এ, ডেনিস "ম্যাট" হোয়ি পরিবহন দপ্তরের (DOT) অঞ্চল 9-এর রুট 17-তে সড়ক মেরামত কর্মীদের একটি দল সম্পর্কে মোটরগাড়ির চালকদের সতর্ক করার জন্য সড়কের পাশের শক্ত উপরিভাগে, ঝলকানি আলো সহ পার্ক করা অবস্থায় ছিলেন। সরে যেতে ব্যর্থ হওয়া একজন ট্র্যাক্টর-ট্রেইলার চালক ম্যাটের ট্রাককে আঘাত করে তাকে মারাত্মকভাবে জখম করে। তিনি 18 মার্চ 2019 এ দেহ রক্ষা করেন। তিনি অসংখ্য পরিবারের সদস্য ও বন্ধু-বান্ধবদের ছেড়ে গেছেন। স্টেট রুট 17-এর একটি অংশ, যেখানে দুর্ঘটনাটি ঘটে, জনাব হোয়িকে স্মরণীয় করে রাখতে এবং তার সম্মানার্থে পুনরায় নামকরণ করা হবে।

সারা গ্রীষ্ম জুড়ে স্টেট পুলিশ "অপারেশন হার্ড হ্যাট (Operation Hard Hat)" নামে একটি যৌথ উদ্যোগে নিউ ইয়র্ক স্টেটের পবিরহন দপ্তর-এর সঙ্গে কাজ করেছে, যেটি কর্মস্থল লঙ্ঘনের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করতে এবং সক্রিয় নির্মাণ ও রক্ষণাবেক্ষণ কর্মস্থলের মধ্য দিয়ে নিরাপদ গাড়ি চালনার গুরুত্ব তুলে ধরার উদ্দেশ্যে মহাসড়ক কর্মী হিসেবে সজ্জিত স্টেট ট্রুপারদের (State Troopers) উপস্থাপন করেছিল। ট্রুপাররা স্টেটের মুভ ওভার আইন লঙ্ঘনকারী গাড়ি চালকদের সন্ধানে ছিল এবং গতি সীমা লঙ্ঘন এবং আসন বেল্টের ব্যবহার সংক্রান্ত বিষয় সহ বিভিন্ন লঙ্ঘনের জন্য কয়েকশ টিকিট জারি করেছিল।

এছাড়াও, নিউ ইয়র্ক স্টেটের পবিরহন দপ্তর এবং থ্রুওয়ে কর্তৃপক্ষ এ বছরের নিউ ইয়র্ক স্টেট ফেয়ার (New York State Fair)-এ একটি প্রদর্শনী স্পন্সর করেছে যাতে মহাসড়কের কর্মস্থলে নিরাপদে গাড়ি চালানোর গুরুত্ব তুলে ধরা হয়। এতে মহাসড়কের যেখানে এজেন্সি কর্মচারী এবং ঠিকাদাররা কাজ করে সেখানে যানবাহন অবাঞ্ছিতভাবে প্রবেশ করার কারণে হওয়া ক্ষতিগ্রস্ত উপকরণ দেখানো হয়।

নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ে অথরিটি-এর এক্সিকিউটিভ ডিরেক্টর ম্যাথিউ জে. ড্রিসকোল বলেন, "রন-এর মৃত্যুর প্রায় তিন বছর হয়ে গেল, এবং দুর্ভাগ্যবশত রক্ষণাবেক্ষণ কর্মী এবং জরুরি সেবা প্রদানকারীরা এখনও এমন পরিস্থিতির শিকার হচ্ছে যেখানে গাড়িচালকরা গতি কমাচ্ছে না এবং নিরাপদে সরে যাচ্ছে না। এটা শুধু সৌজন্য নয় - এটি নিউ ইয়র্ক স্টেটের আইন। এই নারী এবং পুরুষরা বাস্তব পরিবার থাকা বাস্তব মানুষ। অনুগ্রহ করে তাদের কাজের সময়ের শেষে তাদেরকে নিরাপদে বাড়ি ফিরে আসতে সাহায্য করুন এবং রাস্তায় তাদের প্রতি আপনার মনোযোগ দিন।"

নিউ ইয়র্ক স্টেট পরিবহন বিভাগের ম্যারি থেরেস ডোমিঙ্গেজ বলেন, "গভর্নর কুওমোর মুভ ওভার আইন মূলত নিরাপত্তা বিষয়ক। এটি পুলিশ, জরুরি সেবা প্রদানকারী ও মহাসড়ক কর্মীদের তাদের কাজ সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় জায়গা বরাদ্দ করে -সেটি জীবন বাঁচানোই হোক কিংবা নিরাপদ পরিবহণ ব্যবস্থা তৈরিই হোক। আমরা আমাদের কর্মী বাহিনীর সুরক্ষায় প্রতিশ্রুতিবদ্ধ এবং মুভ ওভার প্রচারাভিযানটি আমাদের বিভিন্ন কর্মচারীদের সুরক্ষার জন্য এবং জনসাধারণকে সড়ক সুরক্ষায় শিক্ষিত করার জন্য NYSDOT যে বহু উপায়ে কাজ করছে তার একটি মাত্র। তারা আমাদের নিরাপত্তার জন্য কাজ করছে; চলুন তাদেরকে নিরাপদ রাখার জন্য সবাই কাজ করি।"

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ মোটর ভেহিকেলস (Department of Motor Vehicles) এর কমিশনার এবং গভর্নরের যানবাহন নিরাপত্তা কমিটির সভাপতি, মার্ক শ্রোডের বলেন, "এই গুরুত্বপূর্ণ ট্রাফিক নিরাপত্তার উদ্যোগকে তুলে ধরার জন্য আমি গভর্নর কুওমো-কে সাধুবাদ জানাই। এটি সহজ, সড়কের পাশে জরুরি সেবা প্রদানকারী কিংবা ঝুঁকিপূর্ণ যানবাহনকে আপনি দাঁড়িয়ে থাকতে দেখলে সরে গিয়ে সংঘর্ষ এড়ায়ে সাহায্য করুন। নিউ ইয়র্কের মুভ ওভার আইন সড়কের পাশে কাজ করে এমন সবার তাদের অত্যন্ত গুরুত্বপূর্ণ কাজ সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় জায়গা রয়েছে তা নিশ্চিত করে।"

স্টেট পুলিশের সুপারিন্টেনডেন্ট কিথ এম. কোরলেট বলেন, "নিউ ইয়র্ক স্টেট পুলিশ আমাদের সড়কগুলো নিরাপদ রাখতে বদ্ধপরিকর - এতে যারা ভ্রমণ করে তাদের জন্য, এবং এতে যারা কাজ করে তাদের জন্যেও। আমাদের সড়কগুলোকে কাজ করা ব্যক্তিরা অন্যতম বিপজ্জনক পরিস্থিতিতে কাজ করেন, এবং কাজ সম্পন্ন করার জন্য তাদের মধ্যে ক্ষতিগ্রস্থ হবার আশংকা থাকা উচিত নয়। যখন আপনি কোনো জরুরি সেবা প্রদানকারী কিংবা রক্ষণাবেক্ষণ কর্মীকে সড়কের পাশের শক্ত উপরিভাগে দেখতে তখন আমরা গতি কমিয়ে আনতে এবং সরে যেতে সকল চালকদের প্রতি আহ্বান জানাই। সতর্ক থাকুন এবং আপনার ইলেকট্রনিক ডিভাইসগুলো দূরে রাখুন। আপনার এবং অন্যদের নিরাপত্তা নিশ্চিত করার জন্য আপনার দিকের দায়িত্বটুকু পালন করুন।"

মোটরগাড়ি চালকদের স্মরণ করিয়ে দেয়া হচ্ছে যে একটি কর্মক্ষেত্রে গতিসীমা অতিক্রম করলে দ্বিগুণ জরিমানা গুণতে হবে এবং 2005 সালের ওয়ার্ক জোন সেফটি অ্যাক্ট (Work Zone Safety Act) অনুসারে কোনো ব্যক্তি যদি কর্মক্ষেত্রে দুই বা তার বেশি বার গতিসীমা অতিক্রম করে তাহলে ব্যক্তির ড্রাইভিং লাইসেন্স বাতিল করা হতে পারে। কর্মস্থলের নিরাপত্তা বিষয়ক পরামর্শ পাওয়া যাবে এখানে।

চলাচলের প্রকৃত-সময়ের তথ্যের জন্য, কল করুন 511 নম্বরে, পরিদর্শন করুন www.511NY.org ওয়েবসাইট, অথবা ডাউনলোড করুন ফ্রি 511NY অ্যাপ।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন